# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 09-07-2025** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) চর্ম ও বস্ত্র শিল্পে বিনিয়োগ আকর্ষণ ও পরিকাঠামো বৃদ্ধির লক্ষ্যে রাজ্য সরকার আগামীকাল একটি নতুন চর্ম ও বস্ত্র হাব চালু করতে চলেছে।

২) শ্রম কোড বাতিল, কর্ম সংস্থান, শ্রমিকদের মজুরী বৃদ্ধি সহ ১৭ দফা দাবিতে শ্রমিক সংগঠন ও শিল্প ফেডারেশনগুলির ডাকা বনধে এরাজ্যে তেমন কোনো প্রভাব পড়েনি।

৩) অযোগ্য চিহ্নিত শিক্ষক শিক্ষিকাদের নতুন নিয়োগ পরীক্ষায় বসার ছাড়পত্র দেওয়ার জন্য কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চে সওয়াল রাজ্য সরকারের।

৪) আর জি করে তরুণী চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় সাজাপ্রাপ্ত আসামী সঞ্জয় রায় নিম্ন আদালতের আমৃত্যু কারাবাসের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন।

আর জি করে ঘটনাস্থলে যাওয়ার অভয়ার পরিবারের আবেদন খারিজ শিয়ালদা আদালতের।

৫) রাজ্যের জেলাগুলিতে আজ ও আগামীকাল বৃষ্টি চলবে।

---

চর্ম ও বস্ত্র শিল্পে বিনিয়োগ আকর্ষণ ও পরিকাঠামো বৃদ্ধির লক্ষ্যে রাজ্য সরকার একটি নতুন চর্ম ও বস্ত্র হাব চালু করতে চলেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামীকাল বিকেলে আলিপুরে শিল্পান্ন নামে এই হাবের উদ্বোধন করবেন। দেশে উৎপাদিত যে পরিমাণ চর্ম সামগ্রী বিদেশে রপ্তানি হয়, তার অর্ধেক এই রাজ্য থেকেই যায় বলে রাজ্যসস্তরের সিনার্জি কমিটির সদস্য তথা মুখ্যমন্ত্রীর প্রধান আর্থিক উপদেষ্টা অমিত মিত্র জানিয়েছেন।

এদিকে, রাজ্যে শিল্প ক্ষেত্রে বিনিয়োগের আবহে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ দেশের অগ্রনী শিল্প সংস্থা টাটা সন্স এর চেয়ারম্যান নটরাজন চন্দ্রশেখরনের সঙ্গে বৈঠক করেছেন। ভবিষ্যতে রাজ্যকে শিল্পপতিদের গন্তব্য হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ঐ সংস্থার সঙ্গে সম্পর্ক আরও কিভাবে নিবিড় করা যায় তা নিয়ে বৈঠকে আলোচনা হয়েছে বলে জানা গেছে।

---------------------

শ্রম কোড বাতিল, কর্মসংস্থান, শ্রমিকদের মজুরি বৃদ্ধি সহ ১৭ দফা দাবিতে আজ শ্রমিক সংগঠন এবং শিল্প ফেডারেশনগুলির ডাকা সাধারণ ধর্মঘটে এই রাজ্যে তেমন প্রভাব না পড়লেও বেশ কিছু জায়গায়, বিক্ষিপ্ত অশান্তির খবর মেলে। একটি প্রতিবেদন

ভয়েসকাস্ট

এদিকে, এদিনের সাধারণ ধর্মঘটে চা, পাট সহ বিভিন্ন শিল্প ক্ষেত্রে ব্যাপক প্রভাব পড়েছে বলে ধর্মঘটি ট্রেড ইউনিয়ন গুলি দাবি করেছে। কলকাতায় আজ এক যৌথ সাংবাদিক বৈঠকে ট্রেড ইউনিয়ন সংগঠন গুলির পক্ষে CITU র রাজ্য সাধারণ সম্পাদক জিয়াউল আলম এই দাবি করে বলেন, রাজ্য সরকার বেশি পরিমাণে বাস চালানোর

চেষ্টা করলেও যাত্রী সংখ্যা ছিল নগন্য। পাশাপাশি এরাজ্যের পুলিশের ভূমিকার তীব্র নিন্দা করেন। ধর্মঘটে অংশ গ্রহন করার অভিযোগে সারা রাজ্যে প্রায় পাঁচশো ধর্মঘটিদের গ্রেপ্তার করা হয় এবং পুলিশের আক্রমণে ৮০ বছরের এক বৃদ্ধা সহ ৫ জনকে হাসপাতালে ভর্তি হতে হয়েছে বলে তাঁর অভিযোগ।

বনধ ব্যর্থ করতে কেন্দ্রীয় সরকারের তরফে রাজ্য সরকার পুলিশকে নামিয়েছিল বলে অভিযোগ করেছেন সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম।

বাইট সেলিম

গায়ের জোরে ধর্মঘট রোখার চেষ্টা রাজ্য সরকার করেছে বলে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী অভিযোগ করেছেন।

বাইট অধীর

ধর্মঘটিদের ওপর পুলিশী বলপ্রয়োগের তীব্র নিন্দা করেছে এসইউসিআই কমিউনিস্ট।

---------------------

নীতি আয়োগের সাম্প্রতিক রিপোর্টে উল্লেখ থাকা মানচিত্রে বিহারকে পশ্চিমবঙ্গ হিসাবে দেখানোয় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন। এই বিষয়টিকে তিনি রাজ্যের মর্যাদায় আঘাত বলে দাবি করে নীতি আয়োগের উপ-উপাধ্যক্ষ সুমন কে বেরি-কে চিঠি দিয়েছেন। সেখানে মুখ্যমন্ত্রী জানিয়েছেন, নীতি আয়োগের মতো একটি জাতীয় প্রতিষ্ঠানের এধরণের গাফিলতি মেনে নেওয়া যায়না । এই ধরণের ভুল রিপোর্ট, নীতি আয়োগের বিশ্বাসযোগ্যতা ও নির্ভরযোগ্যতা নিয়ে প্রশ্ন তুলে দিয়েছে।

মুখ্যমন্ত্রী এই ভুলের কঠোরভাবে নিন্দা করে অবিলম্বে ক্ষমা চেয়ে সংশোধনী প্রকাশ করা এবং দোষীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন।

--------------------

কেন্দ্রীয় সরকারের আহ্বানে পূর্বাঞ্চলীয় পরিষদের বৈঠক বসছে আগামীকাল। শিক্ষা, স্বাস্থ্য, অভ্যন্তরীন ও উপকূলীয় নিরাপত্তা, বিভিন্ন প্রকল্প রূপায়নে পারস্পরিক সমন্বয় ও সহযোগিতা, পরিকল্পনা ও উন্নয়নের মত বিষয়গুলি নিয়ে আলোচনা হবে বলে জানা গেছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা পরিষদের চেয়ারম্যান অমিত শাহের পৌরহিত্যে আগামীকাল ঝাড়খন্ডের রাঁচিতে প্রস্তাবিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্যে পশ্চিমবঙ্গ, বিহার, ওড়িশা, ঝাড়খন্ড ও সিকিম কে আমন্ত্রন জানানো হয়েছে। রাজ্যের তরফে অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য আগামীকালের বৈঠকে রাজ্যের প্রতিনিধিত্ব করবেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। এই পাঁচ রাজ্য থেকে ৭০ জন প্রতিনিধি বৈঠকে অংশ নিতে পারেন। গত ১০ই মে এই বৈঠক হওয়ার কথা থাকলেও পাহেলগাও কান্ডের জেরে ভারত পাকিস্তান সংঘাতে তা পিছিয়ে যায়।

--------------------

কসবার সাউথ ক্যালকাটা ল কলেজে ছাত্রীকে গণধর্ষণের প্রতিবাদে কংগ্রেস আগামীকাল লালবাজার অভিযান করবে। বিধানভবনে আজ এক সাংবাদিক বৈঠকে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার একথা জানিয়েছেন। তৃণমূল কংগ্রেস রাজ্যের সর্বত্র নারীদের বিরুদ্ধে জঘন্য অপরাধে মদত দিচ্ছে বলে অভিযোগ করেন তিনি।

--------------------

রাজ্যের কলেজগুলিতে অবিলম্বে ছাত্র নির্বাচন হওয়া উচিত বলে বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় মন্তব্য করেছেন। আজ সংবাদমাধ্যমের সঙ্গে কথাবার্তায় তিনি কলকাতা ও সংলগ্ন কয়েকটি জেলার কলেজগুলিতে শাসকদলের ছাত্র নেতাদের আচরণ নিয়ে ক্ষোভ প্রকাশ করেন। অধ্যক্ষ বলেন, কলেজগুলিতে যা হচ্ছে, তা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। মুখ্যমন্ত্রী বা শিক্ষামন্ত্রী কেউই এগুলিকে সমর্থন করেন না।

---------------------

রাজ্যপাল সিভি আনন্দ বোস বাংলার ক্রীড়াক্ষেত্রকে অলিম্পিক স্তরে উন্নীত করতে রাজভবনে একউচ্চপর্যায়ের বৈঠকে বসেন। রাজভবনে ক্রীড়া বিশেষজ্ঞ ও বিভিন্ন স্তরের সংশ্লিষ্টদের নিয়ে এই বৈঠকে রাজ্যের বর্তমান ক্রীড়া পরিকাঠামো ও উন্নয়নের দিকনির্দেশ নির্ধারণে বিস্তৃত আলোচনা হয়েছে।

---------------------

কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চে অযোগ্য চিহ্নিত শিক্ষক শিক্ষিকাদের নতুন নিয়োগ পরীক্ষায় বসার ছাড়পত্র দেওয়ার জন্য সওয়াল করেছে রাজ্য সরকার। বিচারপতি সৌগত ভট্টাচার্য্যের সিঙ্গল বেঞ্চ কয়েকদিন আগেই অযোগ্যদের নতুন পরীক্ষায় বসার আবেদন বাতিল করার জন্য স্কুল সার্ভিস কমিশনকে নির্দেশ দেয়। এদের কোনোভাবেই পরীক্ষায় বসতে দেওয়া যাবে না বলে বিচারপতি জানিয়েছিলেন। এই নির্দেশকে চ্যালেঞ্জ করে রাজ্য সরকার, স্কুল সার্ভিস কমিশন এবং যোগ্য শিক্ষকদের একাংশ ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হয়েছেন। বিচারপতি সৌমেন সেন এবং বিচারপতি স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চে শুনানি শুরু হয়েছে। রাজ্য সরকারের পক্ষে আইনজীবী

কল্যাণ বন্দ্যোপাধ্যায় আজ তার সওয়ালে এই শিক্ষকদের চাকরীর পরীক্ষায় বসার অধিকারের বিষয়টি তুলে ধরেন। আগামীকাল যোগ্য শিক্ষকদের পক্ষে আইনজীবী বিকাশ রঞ্জন ভট্টাচার্য্য এবং ফিরদৌজ শামিম তাদের বক্তব্য পেশ করবেন।

--------------------

ওবিসি সংরক্ষণ সংক্রান্ত জটিলতার কারণে চাকরীহারা প্রায় আড়াই হাজার যোগ্য শিক্ষক এসএসসির নতুন নিয়োগ প্রক্রিয়ায় অংশ নিতে পারবেন না। অথচ সুপ্রিম কোর্টের নির্দেশে আগামী ৩১ শে ডিসেম্বর পর্যন্ত তারা শিক্ষক হিসাবে নিযুক্ত রয়েছেন। এর প্রেক্ষিতে তাদেরও পরীক্ষায় বসার সুযোগ দিতে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন এই শিক্ষকরা।

--------------------

আর জি করে তরুণী চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় সাজাপ্রাপ্ত আসামী সঞ্জয় রায় নিম্ন আদালতের আমৃত্যু কারাবাসের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন। বিচারপতি দেবাংশু বসাক ও বিচারপতি প্রসেনজিৎ বিশ্বাসের ডিভিশন বেঞ্চে বেকসুর খালাসের আবেদন তা গ্রহণ করা হবে কিনা, আগামী বুধবার সে বিষয়ে শুনানি হবে। এই মামলার সব পক্ষকে ঐদিন আদালতে উপস্থিত হওয়ার নির্দেশ দিয়েছে ডিভিশন বেঞ্চ।

এদিকে, আর জি কর হাসপাতালে ঘটনাস্থলে যাওয়ার অভয়ার পরিবারের আবেদন খারিজ করে দিয়েছেন শিয়ালদা আদালতের বিচারক। বিষয়টি নিয়ে বৃহত্তর ষড়যন্ত্রের তদন্ত চলছে। এরকম পরিস্থিতিতে সিবিআই কিভাবে পরিবারের আইনজীবীকে ঘটনাস্থলে যাওয়ার ছাড়পত্র দেয়, তা নিয়ে প্রশ্ন তুলেছেন বিচারক।

---------------------

কলকাতা হাইকোর্টের নির্দেশে সিবিআইএর একটি তদন্তকারী দল আজ সন্দেশখালির ন্যাজাটের ভাঙ্গীপাড়ায় নিহত বিজেপি কর্মী সুকান্ত ও প্রদীপ মন্ডলের বাড়িতে যান। পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেছেন সাত সদস্যের দলটি।

---------------------

ঝাড়খন্ড সংলগ্ন পশ্চিমবঙ্গের উপর অবস্থানরত নিম্নচাপ, সক্রিয় মৌসুমী বায়ু এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর অবস্থিত নিম্নচাপ অঞ্চল এর প্রভাবে রাজ্যের প্রায় প্রতিটি জেলাতেই হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ সোমনাথ দত্ত জানিয়েছেন দক্ষিণবঙ্গের পুরুলিয়া বাঁকুড়া বীরভূম এবং পশ্চিম বর্ধমান জেলায় কমলা সর্তকতা রয়েছে।

বাইট

-------------------- --------------------